

S.A (D.M)
2.11.25



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং ১৭.০০.০০০০.০১৫.৫৫.০২৫.২০-৬৮১

তারিখ: ৩০ অক্টোবর ২০২৫

বিষয়ঃ কারণ দর্শানো প্রসঙ্গে।

যেহেতু, আপনি জনাব এহসানুল কবীর ফেরদৌস, থানা নির্বাচন কর্মকর্তা, উত্তরা, ঢাকা উচ্চ শিক্ষা গ্রহণে যুক্তরাজ্যে স্ত্রীর সাথে সফরসজ্জী হিসেবে যাওয়া ও থাকার বন্দোবস্ত করার জন্য বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটির জন্য আবেদন করেন। আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ০৯ জুলাই ২০২৫ তারিখের ১৭.০০.০০০০.০১৫.৫৫.০২৫.২০-৪১৮ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক ২১ (একুশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর হয়। মঞ্জুরকৃত ছুটি মোতাবেক ০৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ১৭.০২.২৬৯৫.০০০.১৮.০০২.২৫-৫১৬ সংখ্যক স্মারকের মাধ্যমে সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, উত্তরা, ঢাকার নিকট দায়িত্বভার হস্তান্তর করেন এবং ০৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে বহিঃবাংলাদেশ ছুটিতে গমন করেন। সে মোতাবেক ২৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে আপনার ২১ (একুশ) দিনের ছুটি শেষ হয় এবং ২৫ সেপ্টেম্বর ২০২৫ কর্মস্থলে যোগদানের তারিখ থাকা সত্ত্বেও অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, আপনি ২৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখ অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

সেহেতু, আপনার এ ধরনের শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপ এবং অসদাচরণের জন্য কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এই পত্র প্রাপ্তির পর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহাম্মদ শহীদুর রহমান

সহকারী সচিব (জ.ব্য.-১)

ফোনঃ ৫৫০০৭৫৩৭/০১৫৫০০৪২০৩২

ই-মেইল: sas_pms@ecs.gov.bd

জনাব এহসানুল কবীর ফেরদৌস

থানা নির্বাচন কর্মকর্তা

উত্তরা, ঢাকা

নং ১৭.০০.০০০০.০১৫.৫৫.০২৫.২০-৬৮১

তারিখ: ৩০ অক্টোবর ২০২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা

৩। সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, ঢাকা

৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, হিসাব ভবন (১ম গেট, ২য় তলা), সেগুনবাগিচা, ঢাকা

৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬। থানা নির্বাচন কর্মকর্তা, উত্তরা, ঢাকা

30-10-2025

মোহাম্মদ শহীদুর রহমান

সহকারী সচিব (জ.ব্য.-১)